



প্রিয়ম বুদ্ধিয়া

প্যাটনের সেফ ওয়াশ স্টেশন

কোভিড-১৯ সংক্রমণ রূখতে কনট্যাক্টলেস সেফ ওয়াশ স্টেশন তৈরি করল প্যাটন। পা দিয়ে সহজেই ব্যবহার্য এই ওয়াশ স্টেশনটি আবাসিক, বাণিজ্যিক, শিল্পক্ষেত্র, চিকিৎসাকেন্দ্র এবং প্রকাশ্য স্থানে রাখার উপযোগী করে বানানো হয়েছে। বহুস্তরীয় পরীক্ষা-নিরীক্ষার পর আপাতত দুটি প্রোটোটাইপ বানানো হয়েছে— একটি ২০০ লিটারের, অপরটি ৫০০ লিটার ট্যাঙ্ক ক্ষমতার। একশো শতাংশ ভার্জিন ফুড-গ্রেড প্লাস্টিক দিয়ে তৈরি এই ট্যাঙ্কগুলি কালো, নীল ও সবুজ রঙে পাওয়া যাচ্ছে। ২০০ লিটারের ট্যাঙ্ক একবার পূর্ণ করলে কমপক্ষে ৩০০ বার এবং ৫০০ লিটারের ট্যাঙ্কের সাহায্যে কমপক্ষে ৭৫০ বার হাত ধোয়া যাবে।